| (ক) পিছনে | (খ) সামনে |
| (গ) ডান পার্শ্বে | (ঘ) বাম পার্শ্বে |

সমাধান : একজন মাঝি যখন নৌকা চালানোর সময় নৌকার পেছনে থেকে বৈঠা দিয়ে পানিতে বা লগি দিয়ে ভূমিতে ধাক্কা দেন তখন পানি বা ভূমি যথাক্রমে বৈঠা ও লগির ওপর সমান ও বিপরীত বল প্রয়োগ করে। এই প্রতিক্রিয়া বলের অনুভূমিক উপাংশই নৌকাকে এগিয়ে নিয়ে যায় এবং উলম্ব উপাংশ ওজন দ্বারা নিয়ন্ত্রিত হয়। তাই বৈঠা পিছনে ব্যবহার করতে হবে।

উত্তর : (ক)

০৪। কিছু মানুষকে দায়িত্ব দেয়া হলো একটি খেলার মাঠ সমান করতে। তাদের কাজের জন্য রোলার এর কিরণে ব্যবহার করতে হবে?

- (ক) মাঠে রোলার টানতে হবে
- (খ) মাঠে রোলার ঠেলতে হবে
- (গ) রোলার এর হাতল পরিবর্তন করতে হবে
- (ঘ) রোলার এর ওজন কমাতে হবে

সমাধান : লন-রোলার ঠেলা হলে রোলার এর ওজন এবং ঠেলার বলের উলম্ব উপাংশ একই দিকে কাজ করে ভূমির উপর অতিরিক্ত চাপ দেয়, যা মাঠ সমান করার জন্য প্রয়োজন। তাই মাঠে রোলার ঠেলতে হবে।

উত্তর : (খ)


০৫। লন রোলারকে স্টোরেজ রুম থেকে মাঠে এনে কাজ করে আবার রেখে আসতে হবে। কোন উপায়ে সহজ হবে?

- (ক) আসার সময় টেনে, কাজের সময় এবং যাওয়ার সময় ঠেলে
- (খ) আসার এবং যাওয়ার সময় ঠেলে, কাজের সময় টেনে
- (গ) আসার এবং যাওয়ার সময় টেনে এবং কাজের সময় ঠেলে
- (ঘ) কোনটিই নয়

সমাধান : লন-রোলার টানা সহজ তাই আসা এবং যাওয়ার সময় টেনে নিতে হবে। কিন্তু কাজের সময় রোলার ঠেলতে হবে রোলারের ওজনের চেয়ে বেশি চাপ প্রয়োগ করতে।

উত্তর : (গ)

০৬। নিচের রোলারটি ঠেলার সময় ওজন কত মনে হবে?



- (ক) ৩N
- (খ) ১৩N
- (গ) ৮N
- (ঘ) ৫N

সমাধান : রোলার ঠেলার সময়, ওজন এবং বলের উলম্ব অংশ একই দিকে কাজ করে তাই ওজন বেশি মনে হয়।

$$\therefore \text{এখানে ওজন মনে হবে } (8 + 5) = 13N$$

উত্তর : (খ)

Type: 02

সরল যন্ত্র

সরল যন্ত্র: আমাদের দৈনন্দিন জীবনের নানা কাজকে সহজ করার জন্য বল বৃদ্ধি করতে যে সকল সাধারণ যন্ত্র আমরা ব্যবহার করি, সেগুলোকে সরল যন্ত্র বলে।

যেমন: কপিকল ব্যবহার করে একজন খুব সহজেই অনেক ভারী কোনো বস্তু তুলতে পারে। এখানে সরল যন্ত্র কপিকল ব্যবহার করে বল অনেক গুণ বৃদ্ধি করা হয়েছে।

এ জাতীয় আরো কিছু সরল যন্ত্র হলো: ছুরি, কাঁচি, সাঁড়াশি, শাবল, যাতি ইত্যাদি। সরল যন্ত্রে কোনো শক্তি দেয়া হয় না বা সরল যন্ত্র থেকে শক্তি বা কাজ নেয়া হয় না। যান্ত্রিক সুবিধা বা বল বৃদ্ধি করতেই মূলত সরল যন্ত্র ব্যবহৃত হয়। সরল যন্ত্রের সাথে যান্ত্রিক সুবিধা সম্পর্কিত। একটি যন্ত্র তার উপর প্রয়োগকৃত বল কত গুণ বৃদ্ধি করতে পারে তাই এই যন্ত্রের যান্ত্রিক সুবিধা। যন্ত্র যেহেতু বল বৃদ্ধি করে তাই যান্ত্রিক সুবিধা ১ এর বেশি হয়। তাহলে যান্ত্রিক সুবিধা = $\frac{\text{ভার}}{\text{প্রযুক্ত বল}}$ ।

T-2 Case: 01


লিভার

একটি ভিত্তির উপর অবস্থিত বীমকে লিভার বলে। এটি একটি সরল যন্ত্র। লিভার থেকে যান্ত্রিক সুবিধা পাওয়া যায়। লিভার কোনো ভারী বস্তুকে কম বল প্রয়োগ করে উঠাতে বা সরাতে সাহায্য করে।

লিভারের মূলনীতি হলো:

$$\text{বল} \times \text{বল বাহুর দৈর্ঘ্য} = \text{ভার} \times \text{ভার বাহুর দৈর্ঘ্য}$$

$$\Rightarrow \frac{\text{ভার}}{\text{বল}} = \frac{\text{বল বাহুর দৈর্ঘ্য}}{\text{ভার বাহুর দৈর্ঘ্য}}$$



একাধিক ভারের জন্য, $\text{বল} \times \text{বল বাহুর দৈর্ঘ্য} = 1\text{ম ভার} \times 1\text{ম ভারের দূরত্ব} + 2\text{য ভার} \times 2\text{য ভারের দূরত্ব}$ ।



উদাহরণ-১: 50kg ভরের ওজনটি সাম্যবস্থা থেকে উপরে তুলতে বাম পাশে প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কত ভর প্রয়োগ করতে হবে?



সমাধান : ধরি, প্রয়োজনীয় ভর = x

লিভারের মূলনীতি অনুসারে,

$$\text{সাম্যবস্থায় } 5x = 2 \times 50 \therefore x = 20 \text{ কেজি}$$

সুতরাং উপরে তুলতে 20 কেজির বেশি ভর প্রয়োগ করতে হবে

উদাহরণ-২: ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি রাখতে হবে?



সমাধান : ধরি, প্রয়োজনীয় ভর = x

লিভারের মূলনীতি অনুসারে,

$$\text{সাম্যবস্থায় } 5x = 15 \times 50$$

$$\therefore x = 150 \text{ কেজি}$$

সুতরাং উপরে তুলতে 150 কেজির বেশি ভর প্রয়োগ করতে হবে।

লিভারের শ্রেণিবিভাগ: ভার এবং ভিত্তির অবস্থানের উপর ভিত্তি করে লিভার তিনি প্রকার।

প্রথম শ্রেণির লিভার:

এই ক্ষেত্রে ভিত্তির অবস্থান প্রযুক্ত বল ও ভারের মাঝে থাকে। যেমন: কাঁচি দিয়ে কিছু কাঁটার সময় বস্তু যত বেশি ভিত্তির কাছে থাকবে, তা কাঁটা তত সহজ হবে। এরূপ আরো কিছু সরল যন্ত্র হলো: সাঁড়াশি, নিক্তি, টেঁকি, নলকুপের হাতল ইত্যাদি।

দ্বিতীয় শ্রেণির লিভার:

এই ক্ষেত্রে ভার মাঝখানে এবং প্রযুক্ত বল ও ভিত্তি দুই পাশে। যেমন: যাঁতি দিয়ে সুপারি কাঁটার সময় সুপারি ভিত্তির যত কাছে হবে, কাঁটা তত সহজ হবে। এরূপ আরো কিছু সরল যন্ত্র হলো: এক চাকার ঢেলাগাড়ি, বোতল খোলার যন্ত্র ইত্যাদি।

তৃতীয় শ্রেণির লিভার:


এই ক্ষেত্রে প্রযুক্ত বল মাঝখানে এবং ভার ও ভিত্তি দুই পাশে অবস্থান করে। যেমন: লম্বা হাতার চিমটি দিয়ে কিছু ধরার সময় আঙুলের চাপ যত শীর্ষের কাছাকাছি হবে, ধরে রাখা তত সহজ হবে। এখানেও ভার বাহর দৈর্ঘ্য কমিয়ে বল বাড়ানো হয়েছে।

বিগত BCS লিখিত পরীক্ষার প্রশ্ন ও সমাধান

০১। ভারসাম্য রক্ষার্থে নির্দেশিত স্থানে কত কেজি ওজন সংযুক্ত করতে হবে?

[৪৬তম বিসিএস]

১০ কেজি ? কেজি



(ক) ৫ কেজি (খ) ৭.৫ কেজি

(গ) ১০ কেজি (ঘ) ১২ কেজি

সমাধান : মনে করি, প্রশ্নবোধক স্থানে x কেজি বসবে।

এখন, ভারসাম্যের সূত্রানুসারে, $1 \times 10 = x \times 2$

$$\Rightarrow 10 = 2x$$

$$\therefore x = 5 \text{ কেজি।}$$

উত্তর: (ক)

০২। নিচের ছবিতে ভারসাম্য রক্ষার জন্য কত ওজনের প্রয়োজন?

[৪৫তম বিসিএস]

প্রয়োজন?



(ক) ৪ কেজি (খ) ৬ কেজি

(গ) ৯ কেজি (ঘ) ২ কেজি

সমাধান : মনে করি, প্রশ্নবোধক স্থানে প্রয়োজন x কেজি

তাহলে, লিভারের মূলনীতি অনুসারে

বল \times বল বাহর দৈর্ঘ্য = ভার \times ভার বাহর দৈর্ঘ্য

$$x \times 6 = 9 \times 8$$

$$\therefore x = 6 \text{ কেজি।}$$

উত্তর: (ক)

০৩। ভারসাম্য রক্ষা করতে নির্দেশিত স্থানে কত কেজি ওজন প্রয়োজন?

? কেজি



[৪৩তম বিসিএস]

(ক) ৫ কেজি (খ) ৭.৫ কেজি

(গ) ১০ কেজি (ঘ) ১২ কেজি

সমাধান : মনে করি, প্রশ্নবোধক স্থানে প্রয়োজন x কেজি

তাহলে, লিভারের মূলনীতি অনুসারে $x \times 2 = 10 \times 1$

$$\therefore x = 5 \text{ কেজি।}$$

উত্তর: (ক)

০৪। নিচে কত বসালে ক্ষেলের ব্যালাস্টি সমান হবে?

[৩৮তম বিসিএস]



(ক) 7 kg (খ) 6 kg

(গ) 7.7 kg (ঘ) 9 kg

সমাধান : ধরি, অজানা ভার = x kg


লিভারের মূলনীতি অনুযায়ী, $4.5 \times 10 = x \times 7.5$

$$\therefore x = 6 \text{ kg}$$

উত্তর : (খ)



০৮। Which man carries more weight?



(ক) A

(খ) B

(গ) উভয়ে সমান

(ঘ) নির্ণয় করা সম্ভব নয়

সমাধান : বুলানো ওজনটি B ব্যক্তির নিকটবর্তী থাকায় B ব্যক্তির জন্য বল বাহুর দৈর্ঘ্য কম তাই B ব্যক্তি, A ব্যক্তি অপেক্ষা বেশি ভার অনুভব করবে।

উত্তর : (ঘ)


T-2 Case: 02

কপিকল

কপিকল এক ধরনের সরল যন্ত্র। এতে একটি চাকতি থাকে যার উপর দিয়ে একটি রশি দুই দিকে বুলিয়ে দেয়া থাকে। চাকতিটি একটি অক্ষ দণ্ডকে কেন্দ্র করে ঘূরে।

কপিকলের যান্ত্রিক সুবিধা = $\frac{\text{বল যতটা পথ অতিক্রম করে}}{\text{ভার যতটা পথ অতিক্রম করে}}$


প্রয়োজনীয় বল = $\frac{\text{ভার}}{\text{ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা}}$



এখানে প্রথম চিত্রে ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ টি। তাই ভারটি তুলতে বল প্রয়োজন X । অপরদিকে দ্বিতীয় চিত্রে X ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই ভারটি তুলতে বলের প্রয়োজন $\frac{X}{2}$ ।

উল্লেখ্য, কপিকলের বল গণনার ক্ষেত্রে শুধুমাত্র উর্দ্ধমুখী রশিগুলোকে গণনা করতে হবে, নিম্নমুখী রশিগুলো গণনায় আসবেনা।

উদাহরণ: Which is the smaller effort?




সমাধান : চিত্র ১-এ ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ কিন্তু চিত্র ২-এ ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই চিত্র ২তে বল কম লাগবে।



বিগত BCS লিখিত পরীক্ষার প্রশ্ন ও সমাধান

০১। নিচের ছবিতে কোন Shaft টি দ্রুত ঘূরবে? [৪৫তম বিসিএস]



(ক) A

(খ) B


(গ) C

(ঘ) All are same

সমাধান : যেহেতু A Shaft টির সাথে সরাসরি ভার সংযুক্ত সেহেতু কপিকলটির মাধ্যমে বল প্রয়োগ করা হলে A Shaft টি দ্রুত ঘূরবে।

নমুনা প্রশ্ন ও সমাধান

০১। Which person must pull harder to lift the weight?



(ক) A

(খ) B


(গ) Both A and B

(ঘ) No difference

সমাধান : চিত্র, B তে ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ১ কিন্তু চিত্র A তে ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা ২টি। তাই B চিত্রের ব্যক্তিকে বেশি বলে টানতে হবে।

উত্তর : (ঘ)

০২। Approximately how much force is needed to lift the weight?



(ক) 24 lbs

(খ) 10 lbs

(গ) 48 lbs

(ঘ) 12 lbs

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = ২


প্রয়োজনীয় বল = $\frac{\text{ভার}}{\text{ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা}}$

$$\therefore \text{প্রয়োজনীয় বল} = \frac{24}{2} = 12 \text{ lbs}$$

উত্তর : (ঘ)



- ০৩। নিচের বস্তুটিকে সরানোর জন্য কোনটিতে কম শক্তি প্রয়োগ করতে হবে?



- (ক) A (খ) B

(গ) A ও B দুটিতেই সমান শক্তি (ঘ) কোনটিই নয়


সমাধান : A বস্তুতে দুটি রশি বিদ্যমান তবে উর্ধমুখী রশি আছে শুধুমাত্র একটি। সুতরাং A বস্তু তুলতে শক্তি প্রয়োগ করতে হবে $20 \div 1 = 20 \text{ kg}$ ।

B বস্তুতে দুটি রশি বিদ্যমান এবং উর্ধমুখী রশি আছে দুইটি। সুতরাং B বস্তু তুলতে শক্তি প্রয়োগ করতে হবে $20 \div 2 = 10 \text{ kg}$ ।

উল্লেখ্য, কপিকলের বল গণনার ক্ষেত্রে শুধুমাত্র উর্ধমুখী রশিগুলোকে গণনা করতে হবে, নিম্নমুখী রশিগুলো গণনায় আসবেনা। সুতরাং B বস্তুটি তুলতে কম শক্তির প্রয়োজন হবে।

উত্তর : (খ)

- ০৪। Approximately how much force is needed to lift the weight?



- (ক) 38 lbs
(গ) 18 lbs


- (খ) 10 lbs
(ঘ) 9 lbs

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = 2

অতএব প্রযোজনীয় বল = $\frac{18}{2} = 9 \text{ lbs}$.

উত্তর : (ঘ)

- ০৫।




এই ওজনটি তুলতে কত বল প্রয়োজন?

- (ক) 50 lbs
(খ) 25 lbs
(গ) 10 lbs
(ঘ) 100 lbs

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = 2। অতএব প্রযোজনীয় বল = $\frac{50}{2} = 25 \text{ lbs}$.

উত্তর : (খ)

- ০৬। How much force is required to move the weight?



- (ক) 50 kg
(খ) 60 kg
(গ) 80 kg
(ঘ) 96 kg

সমাধান : ভারের সাথে যুক্ত দড়ির শাখা সংখ্যা = 6। এই ক্ষেত্রে ভারের সাথে সংযুক্ত শুধুমাত্র উর্ধমুখী রশিগুলোকে গণনা করা হয়েছে। অতএব প্রযোজনীয় বল = $\frac{480}{6} = 80 \text{ Kg}$.

উত্তর : (ঘ)

Type: 03

যন্ত্রাংশ ও সরঞ্জাম

দৈনন্দিন জীবনে আমরা অনেক সরঞ্জাম ব্যবহার করি। এই সরঞ্জামগুলো বিভিন্ন যান্ত্রিক সুবিধা প্রদান করে। কিছু সরঞ্জাম এর নাম যেমন:

	নাম: ম্যালেট		নাম: ওয়েকিং হ্যামার		নাম: ক্ল হ্যামার		নাম: চিসেল হ্যামার		নাম: ড্রিলিং হ্যামার
উপকরণ: কাঠ/প্লাস্টিক	উপকরণ: লোহা	উপকরণ: লোহা/স্টিল	উপকরণ: লোহা/স্টিল	উপকরণ: স্টেইনলেস স্টিল	উপকরণ: লোহা	উপকরণ: লোহা/স্টিল	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা
কাজ: টাইলসের কাজ, কাঠের কাজ	কাজ: ওয়েল্ডিং এর কাজ/নরম ধাতুর কাজ	কাজ: পেরেক লাগাতে ও খুলতে, কাঠের কাজ	কাজ: পেরেক লাগাতে ও খুলতে, কাঠের কাজ	কাজ: করাতের দাঁত বা সেট করতে	কাজ: ড্রিলিং কাজ	কাজ: ড্রিলিং কাজ			

	নাম: ব্রিক হ্যামার		নাম: রিভিটিং হ্যামার		নাম: বল পিন হ্যামার		নাম: মেজ হ্যামার		নাম: রাবার হ্যামার
উপকরণ: লোহা/স্টিল	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: লোহা	উপকরণ: রাবার	উপকরণ: রাবার
কাজ: ইট বা ফ্লাট পাথর কাটতে, মেশিনারি কাজে	কাজ: রিভিট লাগাতে ও রিভিটের মাথা তৈরিতে	কাজ: বাঁকা ধাতু সোজা করতে	কাজ: বাঁকা ধাতু সোজা করতে	কাজ: ভাঙ্গার কাজে	কাজ: ভাঙ্গার কাজে	কাজ: টাইলসের কাজে	কাজ: টাইলসের কাজে		




গিয়ার

গিয়ার বলতে খাঁজকাটা দাঁত বিশিষ্ট চাকা বুঝায় যা যন্ত্রের গতি করাতে বা বাড়াতে এবং ঘূর্ণনের দিক পরিবর্তন করতে ব্যবহৃত হয়। গিয়ার এর অনুরূপ আরেকটি ব্যবস্থা হল পুলি ও বেল্ট। গিয়ারের ক্ষেত্রে দু'টি গিয়ার পরম্পরের সাথে সংযুক্ত থাকে, অন্যদিকে দু'টি পুলি বেল্ট দ্বারা সংযুক্ত হয়। দু'টি গিয়ার পরম্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য় টি ঘূরে। ৩য় গিয়ারটি ১ম টির দিকে এবং ৪র্থ টি ২য় টির দিকে। অর্থাৎ বিজোড় ক্রমসংখ্যার গিয়ারগুলো একই দিকে এবং জোড় ক্রমসংখ্যার গিয়ারগুলো তার বিপরীত দিকে ঘূরে। পুলির ক্ষেত্রে বেল্ট দ্বারা যুক্ত সরগুলো পুলি একই দিকে ঘূরবে। গিয়ার ও পুলি/চাকা দুই ক্ষেত্রেই গিয়ার/পুলির আকার বড় হলে, তার সাথে যুক্ত ছোট গিয়ার/পুলির তুলনায় আস্তে ঘূরে।

মূলনীতি: ১ম চাকার ব্যাসার্ধ × ১ম চাকার ঘূর্ণন হার = ২য় চাকার ব্যাসার্ধ × ২য় চাকার ঘূর্ণন হার

নিম্নে চিত্র দিয়ে বুঝানো হলো:



পুলি A ও B একই দিকে ঘূরবে।


১ম ও ৩য় টি একই দিকে ঘূরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘূরবে।

স্কু: যেকোনো ধরনের স্কু খোলার জন্য ব্যবহৃত স্কু ড্রাইভার লিভারের নীতি মেনে চলে। যেখানে স্কু ড্রাইভারের ধাতব অংশটি লিভারের ভিত্তি, হাতলটি বল বাহু এবং খাঁজ কাটা অংশটি স্কুর মাপ অনুযায়ী নির্মিত হয়, তাই এখানে ভার বাহু নির্দিষ্ট। তাহলে স্কু ড্রাইভার দ্বারা স্কু খুলতে বালাগাতে কত বল প্রয়োজন এবং কতবার ঘূরাতে হবে তা নির্ভর করে হাতলের ব্যাসের উপর। হাতলে ব্যাসার্ধ বেশি হলে বল বাহুর দৈর্ঘ্য বৃদ্ধি পায় তাই বল কম প্রয়োজন হয় এবং কম সংখ্যকবার ঘূরাতে হয়।

৮) বিগত BCS লিথিট পরীক্ষার প্রশ্ন ও সমাধান

- ০১। ধরা যাক, একটি গিয়ার হইল আরেকটি গিয়ার হইলের সাথে যুক্ত হয়েছে। যদি গিয়ার A ঘড়ির কাঁটার দিকে আবর্তিত হয় তাহলে গিয়ার B কীভাবে আবর্তিত হবে?
[৪৭তম বিসিএস]
- (ক) ঘড়ির কাঁটার দিকে
(খ) ঘড়ির কাঁটার বিপরীত দিকে
(গ) উভয়ই থেমে যাবে
(ঘ) উপরের কোনটিই নয়

সমাধান :



সাধারণত, দুটি গিয়ার হইল সরাসরি যুক্ত থাকলে একটি গিয়ার অন্যটির বিপরীত দিকে ঘোরে। তাই, যদি গিয়ার হইল A ঘড়ির কাঁটার দিকে আবর্তিত হয়, তবে গিয়ার হইল B ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত হবে।

উত্তর : (খ)

- ০২। নিচের কোন যন্ত্রটি শক্তি যন্ত্র নয়? [৪৭তম বিসিএস]
(ক) Impact wrench (ইমপ্যাক্ট রেঞ্চ)
(খ) Bolt cutter (বোল্ট কাটার)
(গ) Disc Sander (ডিস্ক স্যান্ডার)
(ঘ) Angle Grinder (অ্যাংগেল গ্রাইন্ডার)

সমাধান : Bolt Cutter হলো একটি হ্যান্ড টুল বা হাতের সরঞ্জাম, যা শক্তি যন্ত্র নয়। এটি হাতের শক্তি দ্বারা ব্যবহার করা হয়। বাকি যন্ত্রগুলো ইমপ্যাক্ট রেঞ্চ, ডিস্ক স্যান্ডার এবং অ্যাংগেল গ্রাইন্ডার বিদ্যুৎ বা বায়ু শক্তি দ্বারা চলে, তাই এগুলো শক্তি যন্ত্রের অন্তর্ভুক্ত।

উত্তর : (খ)

- ০৩। কোন যান্ত্রিক গিয়ারের চাকা ছোট হলে বড়টির তুলনায় সেটি কীভাবে ঘূরবে? [৪৭তম বিসিএস]
(ক) আস্তে ঘূরবে
(খ) একই গতিতে ঘূরবে
(গ) জোরে ঘূরবে
(ঘ) এর কোনটি নয়

সমাধান : ছোট চাকার পরিধি বড় চাকার চেয়ে কম, তাই ছোট চাকার পূর্ণ ঘূর্ণনের জন্য বড় চাকার চেয়ে কম দূরত্ব অতিক্রম করতে হয়। যেহেতু ঘূর্ণনের সময় ছোট চাকাটি বড় চাকার চেয়ে কম দূরত্ব অতিক্রম করে তাই ছোট চাকাটি বড় চাকার চেয়ে বেশি সংখ্যক বার ঘূরবে অর্থাৎ জোরে ঘূরবে।

উত্তর : (গ)



০৮। সংকুচিত স্প্রিং (Spring)-এ কী ধরনের শক্তি থাকে?

[৪৬তম বিসিএস]

(ক) স্থিতি শক্তি

(খ) গতি শক্তি

(গ) তাপীয় শক্তি

(ঘ) মহাকর্ষীয় শক্তি

সমাধান : যখন একটি স্প্রিং কে চাপ দিয়ে সংকুচিত করা হয় তখন সেটি একটি শক্তি সঞ্চয় করে রাখে, যা তাকে তার মূল অবস্থায় ফিরে যেতে সাহায্য করে। এই সঞ্চিত শক্তিই হলো স্থিতি শক্তি।

উত্তর: (ক)

০৯। কোন উপাদান একটি গাড়ির বিভিন্ন উপাদানের মধ্যে ঘর্ষণ হ্রাস করে? [৪৬তম বিসিএস]

(ক) চেইন

(খ) এ্যাস্কেল

(গ) বিয়ারিং

(ঘ) বেল্ট

সমাধান : বিয়ারিং (Bearing) হলো এমন একটি যান্ত্রিক উপাদান; যা দুটি চলমান অংশের মধ্যে ঘর্ষণ কমিয়ে মসৃণ ও দক্ষ চলাচল নিশ্চিত করে।

অন্যদিকে,

চেইন: শক্তি স্থানান্তর করা হয়;





এ্যাস্কেল: চাকা ঘোরানোর জন্য ব্যবহৃত হয়;

বেল্ট: শক্তি স্থানান্তরের জন্য ব্যবহৃত হয়।

সুতরাং, সঠিক উত্তর- (গ) বিয়ারিং

উত্তর: (গ)

১০। কোনটি বেশি শক্তিশালী? [৪০তম বিসিএস]




সমাধান : Hammer বা হাতুড়ির ক্ষেত্রে আঘাত করার অংশ যতো বড় বা মোটা হয় সেটি তত বেশি শক্তিশালী হয়। ‘খ’ চিত্রের হাতুরিং আঘাত করার অংশ অপর অপশন গুলোর হাতুরিং আঘাত করার অংশের থেকে অধিক মোটা। সুতরাং ‘খ’ এর হাতুরিটিই অধিক শক্তিশালী।

উত্তর: (খ)

১১। If X Moves in one direction as shown, then—

[৪০তম বিসিএস]



Motor

(ক) Y and Z move clockwise

(খ) Y and Z move counterclockwise




(গ) Y moves counterclockwise

(ঘ) Y moves counterclockwise and Z moves clockwise

সমাধান : পুলির ক্ষেত্রে বেল্ট দ্বারা যুক্ত সব গুলো পুলি একই দিকে ঘূরবে। তাই Y এবং Z একই দিকে X থেকে ঘূরবে সেদিকে অর্থাৎ ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে (Clockwise)।

উত্তর : (ক)

১২। Which is the most suitable tool for general carpentry? [৩৬তম বিসিএস]



সমাধান : কাঠমিন্টি চিত্র ক এর সরঞ্জামটি ব্যবহার করে। কারণ বাকিগুলোর উভয় পাশ দিয়ে একই কাজ হবে।

উত্তর : (ক)

১৩। কোনো যান্ত্রিক গিয়ারের চাকা ছোট হলে বড়টির চেয়ে (সংযুক্ত অবস্থায়) — ঘূরবে। [৩৫তম বিসিএস]

(ক) আস্তে চলবে

(খ) একইভাবে চলবে

(গ) জোরে চলবে

(ঘ) এর কোনোটি নয়

সমাধান : গিয়ারের ক্ষেত্রে সংযুক্ত অবস্থায় বড় গিয়ার ছোট গিয়ারের তুলনায় ধীরে ঘূরে অর্থাৎ ছোট গিয়ার বড় গিয়ারের চেয়ে জোরে ঘূরে।

উত্তর : (গ)




নমুনা প্রশ্ন ও সমাধান

- ০১। একটি মোটা ও একটি চিকন হাতলওয়ালা স্কু-ড্রাইভার দিয়ে একই মাপের দুটি স্কু-কে কাঠবোর্ডের ভিতরে সমান গভীরতায় প্রবেশ করাতে চাইলে কোনটি ঘটবে?
- (ক) মোটা হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে
 (খ) চিকন হাতলের ড্রাইভারকে বেশি বার ঘুরাতে হবে
 (গ) দুটিকে একই সংখ্যকবার ঘুরাতে হবে
 (ঘ) কোনোটিই নয়

সমাধান : স্কু-ড্রাইভারের স্কু-লাগানোর সময় স্কু-র ব্যাসার্ধ যাই হোক না কেন স্কু-ড্রাইভারের হাতল যতবার ঘুরানো হবে স্কুটি ও ঠিক ততোবার ঘুরবে। স্কু-র সরণ তার ঘূর্ণনের উপর নির্ভরশীল হওয়ায় ভিন্ন ব্যাসার্ধের হাতলওয়ালা দুটি স্কু-ড্রাইভার দ্বারা ২টি সমান স্কুকে সমান সংখ্যক বার ঘুরালে স্কু- ২টিও সমান সংখ্যক বার ঘুরবে আর ঘূর্ণন সংখ্যা সমান হলে স্কু-র সরণও সমান হবে অর্থাৎ ২টি স্কুই সমান গভীরতায় প্রবেশ করবে।

উত্তর : (গ)

- ০২। কোন যন্ত্রটি কনক্রিট ভাঁঙ্গতে সবচেয়ে উপযোগী?




- (ক) 1 (খ) 2
 (গ) 3 (ঘ) 4

সমাধান : '১', '২', '৩' ও '৪' অপশনে ব্যবহৃত হাতুড়িগুলো হলো: Framing Hammer, Rubber Mallet Hammer, Dead Blow Hammer, Ball Peen Hammer. কার্যদক্ষতা অনুযায়ী Dead Blow Hammer বেশি উপযোগী।

উত্তর : (গ)

- ০৩। When the left-hand gear turns in the shown direction, which way does the right-hand one turn?




- (ক) Direction A (খ) Direction B
 (গ) Direction A & B (ঘ) Neither Direction

সমাধান : দুটি গিয়ার পরম্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য়টি ঘুরবে। ১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে তাই ২য় গিয়ারটি তার বিপরীত অর্থাৎ ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে (অর্থাৎ, Direction A) ঘুরবে।

উত্তর : (ক)

- ০৪। Which shaft will turn most quickly?




- (ক) A (খ) B
 (গ) C (ঘ) All are same

সমাধান : Here, pulley A is the smallest among A, B, C. So the shaft mounted to pulley A will turn most quickly.

উত্তর : (ক)

- ০৫। যদি X পুলিটি 10rmp গতিতে ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে, তাহলে Y পুলি কোন দিকে এবং কত গতিতে ঘুরবে?




- (ক) ঘড়ির কাঁটার দিকে আন্তে ঘুরবে
 (খ) ঘড়ির কাঁটার দিকে দ্রুত ঘুরবে
 (গ) ঘড়ির কাঁটার বিপরীতে আন্তে ঘুরবে
 (ঘ) ঘড়ির কাঁটার দিকে সমান গতিতে ঘুরবে

সমাধান : বেল্ট দ্বারা যুক্ত সব গুলো পুলি একই দিকে ঘুরবে। তাই Y, X একইদিকে ঘুরবে। যেহেতু X এবং Y দুইজনেরই আকার সমান তাই সমান গতিতে ঘুরবে।

উত্তর : (ঘ)

- ০৬। উপরের রেক গিয়ারটি বামদিকে সমগ্রতিতে সরানো হলে নিচের রেক গিয়ারটি কোনদিকে যাবে?




- (ক) বামে, দ্রুত (খ) বামে, একই
 (গ) বামে, আন্তে (ঘ) ডানে, একই

সমাধান : এখানে উপরের রেক গিয়ারটি বামে গেলে ১ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের বিপরীত দিকে এবং ২য় গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরবে। তাই নিচের রেক গিয়ারটি বামদিকে যাবে। যেহেতু গিয়ার দুটির আকার সমান তাই গতি একই থাকবে।

উত্তর : (খ)



০৭। ১ম গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে ঘুরে তাহলে ৩য় ও ৫ম
গিয়ারটি কোন দিকে ঘুরবে?




- (ক) ৩য় গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে ও ৫ম গিয়ারটি
ঘড়ির কাঁটার বিপরীত দিকে

(খ) ৩য় গিয়ারটি ঘড়ির কাঁটার বিপরীত দিকে ও ৫ম
গিয়ারটি ঘড়ির কাঁটার দিকে


(গ) ৩য় ও ৫ম উভয় গিয়ারই ঘড়ির কাঁটার দিকে ঘূরবে

(ঘ) ৩য় ও ৫ম উভয় গিয়ারই ঘড়ির কাঁটার বিপরীত
দিকে ঘূরবে

সমাধান : কয়েকটি গিয়ার পরস্পর সংযুক্ত থাকলে ১ম টির বিপরীত দিকে ২য় টি ঘুরে। ২য় টির বিপরীত দিকে ৩য় টি ঘুরে। অর্থাৎ, ১ম, ৩য় ও ৫ম গিয়ারটি একই দিকে ঘুরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘুরবে। ১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরে তাই ৩য় ও ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘুরবে।




Ob 1 If drive wheel X rotates clockwise at a speed of 10 rpm. How does wheel Y turn?



সমাধান : As X and Y wheels are connected by belt so they will rotate in the same direction. But Y wheel is smaller than X so it will rotate faster.

উত্তরঃ (গ)

081 If gear X turns clockwise at a constant speed of 15 rpm. How does gear Y turn?



- (क) Anti Clock Wise 15 rpm
 - (ख) c/w 15 rpm
 - (ग) anti c/w 7.5 rpm
 - (घ) c/w 7.5 rpm

সমাধান : কয়েকটি গিয়ার পরম্পর সংযুক্ত থাকলে ১ম, ৩য় ও ৫ম গিয়ারটি একই দিকে ঘূরবে এবং ২য় টি ও ৪র্থ টি তাদের বিপরীত দিকে ঘূরবে। ১ম গিয়ারটি যেহেতু ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘূরে তাই ৫ম গিয়ারটি ঘড়ির কাঁটার ঘূর্ণনের দিকে ঘূরবে। চাকার ব্যাসার্ধ সমান হলে ঘূর্ণন বেগও সমান হবে ($1\text{ম চাকার ব্যাসার্ধ} \times 1\text{ম চাকার ঘূর্ণন হার} = 2\text{য় চাকার ব্যাসার্ধ} \times 2\text{য় চাকার ঘূর্ণন হার}$)। যেহেতু চিত্রে ১ম ও ৫ম চাকার ব্যাসার্ধ সমান, সেহেতু ১ম চাকা ও ৫ম

• যে চাকাটি 15 mm লেগে ঘমির কাঁটার টিকে ঘরে

উত্তর · (৩)

ଏଟିଲ ଯତ୍ନ

যে সব যন্ত্র বাহ্যিক শক্তি বা উৎস থেকে শক্তি নিয়ে কাজ করে বা শক্তি দেয় যা অন্য কাজ করতে ব্যবহৃত হয় তাকে জটিল যন্ত্র বলে। সরল যন্ত্রের সাথে জটিল যন্ত্রের পার্থক্য হলো, সরল যন্ত্র বল বৃদ্ধি করে কোনো রূপ বাহ্যিক শক্তি ছাড়া আর জটিল যন্ত্র শক্তি বা কাজ বৃদ্ধি করে বাহ্যিক শক্তি ব্যবহার করে। আমাদের দৈনন্দিন ব্যবহার কিছু জটিল যন্ত্র হলো: ডিজেল ইঞ্জিন, স্টিম ইঞ্জিন, ডিসি জেনারেটর ইত্যাদি। জটিল যন্ত্রের সাথে যান্ত্রিক দক্ষতা সম্পর্কিত। কোনো যন্ত্র প্রদত্ত কাজ বা শক্তির কতটুকু ব্যবহার করতে পারে তাই এ যন্ত্রের যান্ত্রিক দক্ষতা।

তাই, যান্ত্রিক দক্ষতা = $\frac{\text{প্রাপ্ত কাজ বা শক্তি}}{\text{প্রদত্ত কাজ বা শক্তি}}$

যেহেতু প্রদত্ত কাজ/শক্তি, প্রাপ্ত কাজ/শক্তির চেয়ে বেশি সেহেতু যন্ত্রের যান্ত্রিক দক্ষতার মান কখনো ১ এর বেশি হয় না।

 বিগত BCS লিখিত পরীক্ষার প্রশ্ন ও সমাধান






- ০১। পিস্টনের আয়তন যত বাড়ে ইঞ্জিনের শক্তি ততো বাড়ে।
[৪০তম বিসিএস]
(ক) সত্য (খ) মিথ্যা
(গ) আংশিক সত্য (ঘ) সম্পর্কহীন
সমাধান : পিস্টনের আয়তন যত বাড়ে ইঞ্জিনের সিলিন্ডারও তত বড় হয়, আর বড় সিলিন্ডার মানেই বেশি জ্বালানি দহন। তাই বড় পিস্টন মানে ইঞ্জিনের গতিশক্তি ও বেশি।
উত্তর : (ক)
- ০২। পিস্টন ব্যবহার করা হয় কোন ইঞ্জিনে? [৪০তম বিসিএস]
(ক) জেট ইঞ্জিনে (খ) বন্দুকে
(গ) ডিজেল ইঞ্জিনে (ঘ) বৈদ্যুতিক ইঞ্জিনে
সমাধান : অপশনে উল্লিখিত শুধুমাত্র ডিজেল ইঞ্জিনে পিস্টন থাকে। জেট ইঞ্জিনে বা বৈদ্যুতিক ইঞ্জিনে কোনো পিস্টন থাকে না।
উত্তর : (গ)
- ০৩। প্রপেলার ইঞ্জিনে প্লেন চালাতে প্রয়োজন হয় —।
[৪০তম বিসিএস]
(ক) গ্যাসোলিন (খ) বেশি আর্দ্রতা
(গ) মাধ্যকর্ষণ বল (ঘ) বাতাস
সমাধান : যেকোনো ধরনের প্লেন চালাতে মাধ্যম হিসেবে বাতাসের প্রয়োজন।
উত্তর : (গ)
- ০৪। রাস্তা ভাঙার কাজে ব্যবহৃত হাইড্রোলিক যন্ত্রে ব্যবহার করা হয়—
[৪০তম বিসিএস]
(ক) বাতাস (খ) পানি
(গ) তৈল (ঘ) বিদ্যুৎ
সমাধান : হাইড্রোলিক শব্দে হাইড্রো শব্দের অর্থ পানি। যেহেতু এ যন্ত্রে পানি ব্যবহার করা হয় তাই এর নাম হাইড্রোলিক।
উত্তর : (খ)
- ০৫। আন্তর্মহাদেশীয় গাইডেড মিসাইল ব্যবহার করে —।
[৪০তম বিসিএস]
(ক) মহাকর্ষীয় রশ্মি (খ) লেজার রশ্মি
(গ) আণবিক শক্তি (ঘ) আইসোটোপ
সমাধান : অপশনে উল্লিখিত মহাকর্ষীয় রশ্মি, আণবিক শক্তি, আইসোটোপ কোনোটিই মিসাইল এর গাইডেড সিস্টেমে ব্যবহার হয় না। কিন্তু লেজার রশ্মি ব্যবহৃত হয়।
উত্তর : (খ)
- ০৬। হাইব্রিড গাড়ি অতিরিক্ত শক্তি পায় —। [৪০তম বিসিএস]
(ক) যান্ত্রিকভাবে (খ) বৈদ্যুতিকভাবে
(গ) গ্যাসের মাধ্যমে (ঘ) অন্যভাবে
সমাধান : হাইব্রিড গাড়ি স্থির অবস্থা থেকে গতিশীল করতে শক্তির যোগান দেয় ইঞ্জিন কিন্তু গতিশক্তি বাড়াতে ব্যবহৃত হয় বৈদ্যুতিক মোটর।
উত্তর : (খ)


 নমুনা প্রশ্ন ও সমাধান



- ০১। পিস্টন ব্যবহার করা হয় না কোন ইঞ্জিনে?
(ক) ডিজেল ইঞ্জিনে (খ) পেট্রোল ইঞ্জিনে
(গ) স্টিম ইঞ্জিনে (ঘ) জেট ইঞ্জিনে
সমাধান : অপশনে উল্লিখিত ডিজেল, পেট্রোল, স্টিম ইঞ্জিনে পিস্টন থাকে। শুধুমাত্র জেট ইঞ্জিনে পিস্টন থাকে না। পিস্টনের পরিবর্তে দহনের জন্য চেম্বার থাকে।
উত্তর : (ঘ)
- ০২। মোবাইল ফোনের বার্তা ও কথা এক স্থান থেকে অন্যস্থানে পাঠাতে ব্যবহৃত হয়-
(ক) মাইক্রোওয়েভ (খ) ইনফ্রারেড
(গ) আলো (ঘ) রেডিও ওয়েভ
সমাধান : মোবাইল ফোনের বার্তা ও কথা এক স্থান থেকে অন্যস্থানে পাঠাতে ব্যবহৃত হয় মাইক্রোওয়েভ। ইনফ্রারেড, লাইডার (আলো), রেডিও ওয়েভ ব্যবহৃত হয় না।
উত্তর : (ক)
- ০৩। বৈদ্যুতিক মোটর এর ব্যবহার কোনটি?
(ক) ডিজেল জেনারেটর (খ) বৈদ্যুতিক ট্রান্সফর্মার
(গ) পানি উত্তোলনের পাম্প (ঘ) বিমান চালনায়
সমাধান : ডিজেল জেনারেটরে, বৈদ্যুতিক ট্রান্সফর্মারে, বিমান চালনায় বৈদ্যুতিক মোটর ব্যবহৃত হয় না। পানি উত্তোলনের পাম্পের পাখাটি ঘূরাতে বৈদ্যুতিক মোটর ব্যবহৃত হয়।
উত্তর : (গ)
- ০৪। হাইড্রোলিক প্রেসে শক্তি যোগায় কোনটি?
(ক) পানি (খ) বৈদ্যুতিক মোটর
(গ) মহাকর্ষীয় বল (ঘ) গ্যাসোলিন
সমাধান : পানি, গ্যাসোলিন, মহাকর্ষীয় বল শক্তি যোগানোর যন্ত্র না। বৈদ্যুতিক মোটর বিদ্যুৎ ব্যবহার করে শক্তির যোগান দেয়।
উত্তর : (খ)
- ০৫। নিচের কোন ইঞ্জিনটি ভিন্ন ধরনের?
(ক) জেট ইঞ্জিন (খ) ডিজেল ইঞ্জিন
(গ) পেট্রোল ইঞ্জিন (ঘ) স্টিম ইঞ্জিন
সমাধান : জেট ইঞ্জিন, ডিজেল ইঞ্জিন, পেট্রোল ইঞ্জিন এই তিনটি অন্তর্দুর্বল ইঞ্জিন কিন্তু স্টিম ইঞ্জিন বহুর্দাহ ইঞ্জিন। তাই এটি ভিন্ন ধরনের।
উত্তর : (ঘ)
- ০৬। স্টিম ইঞ্জিন চালাতে ব্যবহৃত হয় না কোনটি?
(ক) বিদ্যুৎ (খ) গ্যাসোলিন
(গ) কয়লা (ঘ) কাঠ
সমাধান : গ্যাসোলিন, কয়লা, কাঠ এই তিনটি জ্বালানি স্টিম ইঞ্জিনে ব্যবহৃত হয়। কিন্তু বিদ্যুৎ সরাসরি জ্বালানী না হওয়ায় এটি স্টিম ইঞ্জিনে ব্যবহৃত হয় না।
উত্তর : (ক)



প্র্যাক্টিস প্রবলেম


- ০১। HOMOSAPIENS শব্দটি আয়নায় কেমন দেখাবে?
 (ক) SNEIPASOMOH (খ) SNEIPASOMOH
 (গ) SNEIPASOMOH (ঘ) SNEIPASOMOH
- ০২। XEROX শব্দটি আয়নায় কেমন দেখাবে?
 (ক) XOREX (খ) XOREX
 (গ) XOREX (ঘ) XOREX
- ০৩। কোন শব্দ আয়নায় দেখলে আকৃতি একই থাকবে?
 (ক) TOOT (খ) TUT
 (গ) WOW (ঘ) সবগুলো
- ০৪। একটি শব্দ দুটি আয়নায় পর পর দুইবার প্রতিফলিত হচ্ছে। প্রথম আয়নায় প্রতিফলনের পূর্বে শব্দটি WAYOUT হলে দ্বিতীয় আয়নায় শব্দটির রূপ –
 (ক) WAOYUT (খ) TUOYAW
 (গ) WAYOUT (ঘ) WAYOUT
- ০৫। আয়নায় প্রতিফলিত ‘DN31MS’ এর আসল রূপ কোনটি?
 (ক) FR13ND (খ) FR1END
 (গ) DN31MS (ঘ) DN31MS
- ০৬।  ঘড়িটির দর্পণ চিত্র কোনটি?
 (ক)  (খ) 
 (গ)  (ঘ) 
- ০৭। আয়নাতে দেখা গেল ঘড়িতে ৭:৩০ বাজে। প্রকৃতপক্ষে সময় কত?
 (ক) ৪:৩০ (খ) ৫:৩০
 (গ) ৬:৩০ (ঘ) ৭:৩০
- ০৮। Overhorizon এর পানিতে প্রতিচ্ছবি কোনটি?
 (ক) Oলেবুমোভিজুন (খ) Oলেবুমোভিজুন
 (গ) Oলেবুমোভিজুন (ঘ) Oলেবুমোভিজুন
- ০৯। দেয়াল ঘড়িতে সময় ৯:৪০ হলে, পানিতে প্রতিচ্ছবি কেমন হবে?
 (ক)  (খ) 
 (গ)  (ঘ) 

- ১০। Choose the correct water image of the figure (x).

 (x) 1 (খ) 3
 (গ) 2 (ঘ) 4
- ১১। HAHEEN নামটিতে মোট কয়টি বর্ণ পানিতে দেখলে বাস্তবের মতই দেখা যাবে?
 (ক) ২টি (খ) ১টি
 (গ) ৩টি (ঘ) ৪টি
- ১২। ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রের বামদিকে কত ওজন রাখতে হবে?

 ? ৫কেজি
 ১০মি. ১২মি.
- (ক) ৪ কেজি (খ) ৬ কেজি
 (গ) ৮ কেজি (ঘ) ১০ কেজি
- ১৩। Choose the correct water image of the figure(A).

 (A)
 (ক)  (খ) 
 (গ)  (ঘ) 
- ১৪। কোনো ঘড়ির পানির প্রতিচ্ছবিতে সময় ১:১৫ হলে, প্রকৃত সময় কত?
 (ক) ৭:১৫ (খ) ১০:১৫
 (গ) ৮:১৫ (ঘ) ৫:১৫
- ১৫। When the left-hand gear turns in the shown direction, which way does the right-hand one turn?

 (ক) A (খ) B
 (গ) Direction A & B (ঘ) Neither direction
- ১৬। আয়নাতে দেখা গেল সময় ৮:২৫ হলে, সেই ঘড়ির পানির প্রতিচ্ছবিতে সময় কত দেখাবে?
 (ক) ১০:৫৫ (খ) ০৭:৪০
 (গ) ০৮:২৫ (ঘ) ০৯:৪০



- ১৭। লিভার (Lever)-এর ভারসাম্য ঠিক রাখতে প্রশ্নবোধক স্থানে কত পাউন্ড ওজন স্থাপন করতে হবে?



- (ক) 60 পাউন্ড (খ) 45 পাউন্ড
(গ) 40 পাউন্ড (ঘ) 50 পাউন্ড

- ১৮। CABITALISM নিচের কোনটির পানিতে প্রতিচ্ছবি?
(ক) CAPItaLiSm (খ) CAPItaLiSm
(গ) CAPItaiLSm (ঘ) কোনোটিই নয়

- ১৯। Choose the alternative which is closely resembles the water-image of the given combination. MUNDANE

- (ক) EUNDANM (খ) EUMDANM
(গ) MUNDANE (ঘ) MUNDANE

- ২০। ১৮:২১:৩০ এর দর্পণ চিত্র কোনটি?
(ক) ০১:২১:৩১ (খ) ০১:২১:৩১
(গ) ০৩:২১:৩১ (ঘ) ০১:২১:৩১

- ২১। Choose the correct mirror image of the question figure.



Question figure

- (ক)
(খ)
(গ)
(ঘ)

- ২২। চারটি ঘড়ির দর্পণ প্রতিবিম্ব দেয়া আছে। কোন ঘড়িটিতে আগে ৫ টা বাজবে?

- (ক)
(খ)
(গ)
(ঘ)

- ২৩। DEXTER এর পানিতে প্রতিচ্ছবি কোনটি?
(ক) DEXTER (খ) DEXT3R
(গ) DEXT3R (ঘ) DEXT3R

- ২৪। নিচের কোনটি বাস্তব ও প্রতিবিম্ব একই?
(ক) 861 (খ) 808
(গ) 810 (ঘ) 818

- ২৫।

- ৯।

- কেজি
৩মি. ৪মি. ভারসাম্য রক্ষা করতে
নিচের চিত্রে বাম দিকে কত ওজন রাখতে হবে?

- (ক) ১৪ কেজি (খ) ৬ কেজি
(গ) ১২ কেজি (ঘ) ১০ কেজি


- ২৬।

- নিচের কোনটির দর্পণ প্রতিবিম্ব কলতীকামন ?

- (ক) অলকাতিলক (খ) অলকাতিলক
(গ) অলকাতিলক (ঘ) অলকাতিলক

- ২৭।

- Choose the correct water image of the question figure.



Question figure

- (ক)
(খ)
(গ)
(ঘ)

- ২৮।

- ক্রুত গতির বুলেট ট্রেনে কোনটি ব্যবহৃত হয়?

- (ক) বিদ্যুৎ (খ) বাতাস
(গ) গ্যাসোলিন (ঘ) অক্সেন


- ২৯।

- দু'টি ক্রুত ড্রাইভার এর একটি হাতল চিকন, আরেকটির মোটা হলে, কোন ড্রাইভারটি দ্বারা ক্রুত চুকাতে বেশি বল লাগবে?

- (ক) চিকন হাতলের (খ) মোটা হাতলের
(গ) দুটিতেই সমান (ঘ) নির্ণয় করা সম্ভব নয়

- ৩০।

- If gear X turns clockwise at a constant speed of 10 rpm. How does gear Y turn?



- (ক) Anti Clock Wise 10 rpm (খ) c/w 10 rpm
(গ) anti c/w 5 rpm (ঘ) c/w 5 rpm

উত্তরমালা									
০১	গ	০২	খ	০৩	ঘ	০৪	ঘ	০৫	খ
০৬	ঘ	০৭	ক	০৮	ঘ	০৯	ঘ	১০	খ
১১	ঘ	১২	খ	১৩	গ	১৪	ঘ	১৫	ক
১৬	ক	১৭	ঘ	১৮	খ	১৯	গ	২০	খ
২১	ঘ	২২	ঘ	২৩	ঘ	২৪	খ	২৫	গ
২৬	গ	২৭	গ	২৮	ক	২৯	ক	৩০	খ

